

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭০৯

٩. यन गलाता त्र्यिष्ठ छेलात भाला (كَتَابُ الرَّقَائِق)

পরিচ্ছেদঃ দুনিয়ার উপায়-উপকরণের ক্ষেত্রে যারা নিম্ন পর্যায়ের তাদের প্রতি লক্ষ্য করার নির্দেশ

ذِكْرُ الْأُمْرِ بِالنَّظَرِ إِلَى مَنْ هُوَ دُونَ الْمَرْءِ فِي أَسْبَابِ الدُّنْيَا

আরবী

709 ـ أَخْبَرَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ بْنِ إِسْمَاعِيلَ قَالَ: حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ قَالَ: أَخْبَرَنَا اللَّهُ صَلَّى اللَّهُ اللَّيْثُ بْنُ سَعْدٍ عَنِ ابْنِ عَجْلَانَ عَنِ الْأَعْرَجِ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (إِذَا رَأَى أَحَدُكُمْ مَنْ فُضِيِّلَ عَلَيْهِ فِي الْخَلْقِ أَوِ الرِّزْقِ فَلْيَنْظُرْ إِلَى مَنْ هُوَ الْمَاعِيلُ عَلَيْهِ فِي الْخَلْقِ أَوِ الرِّزْقِ فَلْيَنْظُرْ إِلَى مَنْ هُوَ عَلَيه)

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 709 ا خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৭০৯. আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "যখন তোমাদের কেউ এমন কাউকে দেখবে যাকে দৈহিক গঠন অথবা রিযিকে প্রাধান্য দেওয়া হয়েছে, তবে সে যেন তার চেয়ে নিচ পর্যায়ের ব্যক্তির দিকে তাকায় যার উপর তাকে শ্রেষ্ঠত্ব দেওয়া হয়েছে।"[1]

ফুটনোট

[1] আবু নু'আইম, আখবারু আসবাহান: ১/২৫৭।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসিরুদ্ধিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আর রওয: ৬০৪।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন